পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান প্রিন্সিপ্যাল এবং অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল নির্বাচন, দায়িত্ব অর্পন এবং নিযুক্তিসংক্রান্ত বিষয় নিয়ন্ত্রণ করে এবং ১৬ সেপ্টেম্বর, ২০১০ সালের প্রবিধান সি-৩০-কে রদ করে।

পরিবর্তনসমূহ:

- যেসব জায়গায় 'ডিভিশন অব হিউম্যান রিসোর্সেস' এবং 'ট্যালেন্ট অফিস' উল্লেখ আছে, সেগুলো পরিবর্তিত হয়ে এখন 'ডিভিশন অব হিউম্যান রিসোর্সেস অ্যান্ড ট্যালেন্' হবে।
- চিফ ট্যালেন্ট অফিসার-এর স্থলে পরিবর্তিত হয়ে 'চিফ এক্সিকিউটিভ অফিসার অব ডিভিশন অব হিউম্যান রিসোর্সেস অ্যান্ড ট্যালেন্ট' হবে।
- প্রিন্সিপ্যাল নির্বাচনের মানদণ্ড প্রক্রিয়া পরিবর্তিত হয়েছে। (pp. 1-2, অনুচ্ছেদ VII)
- প্রিন্সিপ্যাল ক্যান্ডিডেট পুল-এ প্রবেশের জন্য একটি নতুন মূল্যায়ন প্রক্রিয়া রয়েছে যা কার্যকর করবে অফিস অব লিডারশিপ। যেসব প্রার্থী প্রক্রিয়াটি সম্পন্ন করবেন, তারা সেই পুল-এর অন্তর্ভুক্ত হবেন। এই প্রবিধান কার্যকর করার আগে যেসব প্রার্থী পুল-এর অন্তর্ভুক্ত হবেন, তাদেরকে এই নতুন প্রক্রিয়ার অধীনে যেতে হবে না। মূল্যায়নের ফল পাওয়া যাবে হায়ারিং (নিযুক্তি) ম্যানেজারের কাছে, এবং হায়ারিং ম্যানেজার বাছাই প্রক্রিয়ায় প্রাপ্ত ফলসমূহকে বিবেচনা করতে পারেন। (p. 2, অনুচ্ছেদ VIII; p. 4, অনুচ্ছেদ XI.B.10; p. 5, অনুচ্ছেদ XI.D; p. 6, অনুচ্ছেদ XI.F)
- অন্তর্বর্তী সংগঠনসেমূহের সাথে সংশ্লিষ্ট তদন্ত ডিভিশন অব পোর্টফোলিও প্ল্যানিং-এর সাছে পাঠানো হবে। (p. 5, পাদটীকা 2)
- এক্সিকিউটিভ প্রিন্সিপ্যাল বাছাই প্রক্রিয়া পরিবর্তিত হয়েছে যাতে প্রার্থীদেরকে কিছু কিছু পরিস্থিতিতে বাছাই হতে সক্ষম করা যাবে যেখানে আবেদনকারী প্রার্থীই একমাত্র যোগ্য প্রার্থী। (p. 7, অনুচ্ছেদ XI(G)(3)(a))
- স্কুল লিডারশিপ টিম এগ্রিমেন্ট অব কনফিডেনশিয়ালিটি ফরম একটি সংযুক্তি হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। (p. 8, অনুচ্ছেদ XI(H); সংযুক্তি #4)
- প্রিন্সিপ্যাল প্রার্থী পুল-এ প্রবেশের আগে জরুরি পরিস্থিতিতে অন্তর্বর্তী-ভারপ্রাপ্ত প্রিন্সিপ্যাল হিসেবে যেসব প্রার্থীদেরকে দায়িত্ব দেওয়া হবে, তাদের জন্য একটি ব্যতিক্রমী নিয়ম তৈরি করা হয়েছে। (pp. 9-10, অনুচ্ছেদ XII)
- এই প্রবিধানসংক্রান্ত সকল তদন্ত অফিস অব সুপারভাইজারি সাপোর্ট অফিসে পাঠান হবে। (p. 11, অনুচ্ছেদ XVII)